



বীর শহীদ

মো: আবু জাফর হাওলাদার

জন্ম তারিখ: ২ জানুয়ারি, ১৯৭৫  
শাহাদাতের তারিখ: ১৮ জুলাই, ২০২৪  
বিভাগ: বরিশাল  
জেলা: পিরোজপুর

## শহীদের সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত

পেশা : ড্রাইভার,  
শাহাদাতের স্থান : সায়েদাবাদ

## শাহাদাতের বিস্তারিত ঘটনা ও ইতিহাস

শহীদ মো: আবু জাফর হাওলাদার। বাদশা মিয়া নামেই তিনি বেশি পরিচিত। ১৯৭৫ সালের ২রা জানুয়ারি, তিনি পিরোজপুরের মাঠবাড়িয়ায় এক দরিদ্র পরিবারে জন্মগ্রহণ করেন। পিতার নাম আব্দুল মজিদ, মাতার নাম সেতারা।

বাদশা মিয়া পেশায় একজন ড্রাইভার ছিলেন। ষাটোর্ধ পিতা- মাতা এবং ছোট ভাইবোনদের জীবনে তিনি যেন ছিলেন আশার আলো, অভাবের সংসারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি।

শহীদের অর্থনৈতিক অবস্থা

আমরা জেনেছি যে, শহীদ বাদশা মিয়া একজন ড্রাইভার ছিলেন। ছিল স্বল্প আয়। তাও পুরো পরিবারকে তার দেখতে হত। পরিবার এর খরচ বহন করা ছিল কষ্টসাধ্য। তারপরও হাল ছাড়েননি। ছোট ভাইবোনদের তিনি উপযুক্ত শিক্ষা প্রদানের ব্যবস্থা করেছেন। তার স্বপ্ন ছিল তিনি নিজে জীবনে যা করতে পারেননি। তার ভাই-বোনেরা তা করে দেখাবে, তারা পড়াশোনা শিখে মানুষের মত মানুষ হবে। কিন্তু তার স্বপ্ন অধরা থেকে গেল।

পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তির মৃত্যুতে পরিবারটি এখন দিগভ্রান্ত এর মত হয়ে পড়েছে। নিজস্ব বাড়ির নেই। শহীদের ষাটোর্ধ পিতা-মাতার কাজ করার মত শারিরীক সক্ষমতা নেই। তার ভাই-বোনদের ভবিষ্যত এখন অন্ধকারের মুখে। বলে রাখা ভালো, শহীদের ভাই মোঃ শাওন হাওলাদার এইচ এস সি পাশ, মোঃ নুহ হাওলাদার জামিয়া বালুয়া মাদরাসায় এবং ১১ বছর বয়সী মোঃ নাইম হাওলাদার পঞ্চম শ্রেণীতে অধ্যয়নরত।

শহীদী মৃত্যুর প্রেক্ষাপট

১৮ জুলাই, ২০২৪। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের জন্য অন্যতম স্মরণীয় একটি দিন। অনেক ছাত্র-জনতা পুলিশের গুলিতে প্রাণ হারায়। এদিন সন্ধ্যায় সায়েদাবাদ যাচ্ছিলেন বাদশা মিয়া। উদ্দেশ্য ঢাকা থেকে পিরোজপুর গমন। পথিমধ্যে গোলাগুলি শুরু হয়। এর মাঝ থেকে তিনি বের হতে পারেননি। পুলিশের ছোড়া এলোপাতাড়ি একাধিক গুলিতে তিনি মাটিতে লুটিয়ে পড়েন।

কে বা কারা তার লাশটি মুগদা হাসপাতালের মর্গে নিয়ে যায় জানা যায়নি। পরিবার থেকে তার সাথে যোগাযোগের অনেক চেষ্টা চলছিল। কিন্তু যেহেতু তাকে ফোনে পাওয়া যাচ্ছিলো না। পরিবার তখন বাধ্য হয়ে হাসপাতালগুলোয় খোঁজ নেয়। মুগদা হাসপাতালে তার সন্ধান পাওয়া যায়। পরবর্তীতে তার মৃতদেহ গ্রামের বাড়িতে নিয়ে যাওয়া হয়। শহীদ আবু জাফর তার নিজ বাড়ি পিরোজপুরের মাঠবাড়িয়ার মধ্য ছোটমাছুয়া গ্রামে চিরনিদ্রায় শায়িত আছেন। আল্লাহ রাব্বুল আলামীন তাকে জাম্মাতুল ফেরদৌস নসীব করুন।

ব্যক্তিগত প্রোফাইল

পুরো নাম : মো: আবু জাফর হাওলাদার

জন্মতারিখ : ০২/০১/১৯৭৫

পেশা : ড্রাইভার।

স্থায়ী ঠিকানা : গ্রাম: মধ্য ছোটমাছুয়া, ইউনিয়ন: তুসখালী ৬ নং ওয়ার্ড, থানা: মাঠবাড়িয়া, জেলা: পিরোজপুর

বর্তমান ঠিকানা : গ্রাম: মধ্য ছোটমাছুয়া, ইউনিয়ন: তুসখালী ৬ নং ওয়ার্ড, থানা: মাঠবাড়িয়া, জেলা: পিরোজপুর

পিতার নাম : আব্দুল মজিদ

মাতার নাম : সেতারা

পরিবারের সদস্য সংখ্যা : ১১ জন

ঘটনার স্থান : সায়েদাবাদ

আক্রমণকারী : পুলিশ

আহত হওয়ার সময়কাল : তারিখ: ১৮/০৭/২০২৪, সময়: সন্ধ্যা-০৭:৩০

মৃত্যুর তারিখ ও সময় স্থান : ১৮/০৭/২৪, সন্ধ্যা

শহীদের কবরের অবস্থান : নিজ গ্রাম, মধ্য ছোটমাছুয়া

## পবিত্র কুরআনের বাণী

তারা তাদের রবের দেওয়া অনুগ্রহে আনন্দিত, এবং যারা এখনও তাদের সাথে মিলিত হতে পারেন তাদের জন্যও তারা সুসংবাদ গ্রহণ করে। (সূরা আলে ইমরান ৩:১৭০)

## হাদীস শরীফ

হজরত আবদুল্লাহ ইবনে মাসউদ (রা.) বলেন, রাসুলুল্লাহ (সা.) বলেছেন, “শহীদদের আত্মা সবুজ পাখির পেটে থাকে।” (সহীহ মুসলিম ১৮৮৭)

দোয়া পাঠ: 0 জন

## শহীদদের স্মৃতিচিত্র ও ফটো গ্যালারি

